Vol. 154 Issue 186
Chattagram Maa-O-Shishu Hospital

# Bulletin

For Internal Circulation Only
October-December 2017

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর ডাঃ এ এস এম ফজলুল করিম লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল ডিষ্ট্রিক ৩১৫বি-৪ কর্তৃক স্বর্ণ পদকে ভূষিত

লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল ডিষ্ট্রিক্ট ৩১৫বি-৪ কর্তৃক চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট, বরেণ্য চিকিৎসক ও শিক্ষাবিদ প্রফেসর ডাঃ এ এস এম ফজলুল করিমকে লায়ন্স স্বর্ণ পদক ২০১৭ প্রদান করা হয়। চিকিৎসা শিক্ষা ও চিকিৎসা সেবায় বিশেষ করে চট্টগ্রামে শিশু স্বাস্থ্য সেবায় অসামান্য অবদানের জন্য তাকে এই পদক প্রদান করা হয়। অনুষ্ঠানে স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র দৈনিক আজাদী পত্রিকাকেও লায়ন্স ডিষ্ট্রিক্ট ৩১৫বি-৪ এর পক্ষ থেকে স্বর্ণ পদক প্রদান করা হয়। গত ৩১/১০/২০১৭ ইং তারিখ নগরীর হল ২৪ কনভেনশন সেন্টারে লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল এর শতবর্ষ পূর্তি ও অক্টোবর সেবা মাস উদযাপনের সমাপনী অনুষ্ঠানে এই এ্যাওয়ার্ড প্রদান করা হয়। জেলা গভর্ণর লায়ন মনজুর আলম মঞ্জুর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা, বর্ষিয়ান সাংবাদিক জনাব ইকবাল সোবহান চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাক্তন জেলা গভর্ণর লায়ন শেখ কবির হোসেন, লায়ন মোসলেম আলী খান, লায়ন কাজী আকরাম উদ্দিন আহমেদ। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন লায়ন শাহ আলম বাবুল, ১ম ভাইস জেলা গভর্ণর লায়ন নাসির উদ্দিন চৌধুরী, ২য় ভাইস জেলা গভর্ণর লায়ন কামরুন মালেক, জেলা গভর্ণর ৩১৫বি-২ লায়ন সাইফুল ইসলাম, কেবিনেট সেক্রেটারী লায়ন জাফর উল্লাহ চৌধুরী, কেবিনেট ট্রেজারার লায়ন জাহিদুল ইসলাম চৌধুরী প্রমুখ। প্রধান অতিথি জনাব ইকবাল সোবহান চৌধুরী বলেন, প্রফেসর এ এস এম ফজলুল করিম একজন বরেন্য চিকিৎসক ও শিক্ষাবিদ। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের মাধ্যমে তিনি মানবতার কল্যাণে কাজ করে যাচ্ছেন। এই মহান ব্যক্তিত্বকে সম্মান প্রদর্শন করে লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল একটি অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছে। তিনি আরো বলেন, দৈনিক আজাদী পত্রিকা স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র। চট্টগ্রামের মাটি ও মানুষের পত্রিকা দৈনিক আজাদী। বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে দৈনিক আজাদীর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি প্রফেসর এ এস এম ফজলুল করিম ও দৈনিক আজাদী পত্রিকাকে লায়ন স্বর্ণ পদক প্রদান করায় লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনালকে ধন্যবাদ জানিয়ে বলেন এটি একটি সময়োপযোগী সিদ্ধান্ত। প্রফেসর এ এস এম ফজলুল করিম তাঁর অনুভূতি ব্যক্ত করে বলেন, আমি খুবই অভিভূত, বাকরুদ্ধ। আজ যে সম্মান আমাকে দেয়া হল সেটি আমার একার নয়। মা ও শিশু হাসপাতালকে এতদূর নিয়ে আসার পিছনে যারা কাজ করেছেন প্রত্যেকেই এর অংশীদার। এই সম্মান মা ও শিশু হাসপাতাল পরিবারের সবার। আমি মা ও শিশু হাসপাতাল পরিবারের জন্য এই পদক উৎসর্গ করলাম। তিনি লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল এর প্রতি তাঁকে এই বিরল সম্মান প্রদানের জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। প্রফেসর এ এস এম ফজলুল করিম আরো বলেন, আজ থেকে প্রায় ৩৮ বছর পূর্বে অত্যন্ত ছোট্ট পরিসরে আমরা এই মা ও শিশু হাসপাতাল শুরু করি। যাদেরকে নিয়ে এই হাসপাতাল শুরু করা হয় তাদের অনেকেই আজ বেঁচে নেই। এটি বর্তমানে একটি বিশাল মহিরুহে পরিনত হয়েছে। এই প্রতিষ্ঠানের অধীনে একটি মেডিকেল কলেজ, একটি ৬৫০ শয্যার পূর্ণাঙ্গ জেনারেল হাসপাতাল, একটি নার্সিং ইনষ্টিটিউট ও কলেজ, একটি ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ ও একটি ইনষ্টিটিউট অব অটিজম এন্ড চাইল্ড ডেভেলপমেন্ট পরিচালিত হচ্ছে। অতি সম্প্রতি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের অধীনে একটি পূর্ণাঙ্গ ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউট স্থাপনের কাজ হাতে নেয়া হয়েছে। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৮৫০ শয্যা বিশিষ্ট নতুন ভবনের প্রথম পর্যায়ে ১৩ তলা পর্যন্ত স্ট্রাকচার নির্মাণ কাজ শেষ হয়েছে, বর্তমানে ফিনিসিং কাজ চলছে। উক্ত প্রকল্প বাস্তবায়নে প্রায় ৩৫০ কোটি টাকার প্রয়োজন হবে। তিনি এ ব্যাপারে সহযোগিতার জন্য লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনালকে এগিয়ে আসার আহবান জানান। দৈনিক আজাদী সম্পাদক জনাব এম এ মালেক তাঁর অনভ'তি ব্যক্ত করে বলেন, ১৯৬০ সাল থেকে দৈনিক আজাদী তার মরহুম পিতা ইঞ্জিনিয়ার এম এ খালেক এর হাত ধরে প্রকাশিত হয়ে আসছে। প্রায় ৫৭ বছরের ,পথ পরিক্রমায় দৈনিক আজাদীকে অনেক পথ পাড়ি দিতে হয়েছে। তিনি বলেন, প্রায় ৪০ বছর লস দিয়ে আমরা এই পত্রিকা প্রকাশ করেছি। দৈনিক আজাদী চট্টগ্রামের গণমানুষের পত্রিকা। চট্টগ্রামের মানুষের ভালবাসা আমাদের প্রধান সম্পদ। মানুষের ভালবাসায় দৈনিক আজাদী এতদিন টিকে আছে। উল্লেখ্য জনাব এম এ মালেক চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রক্তন সদস্য যিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের প্রস্তাবিত ক্যান্সানর হাসপাতাল বাস্তবায়নের জন্য কর্ণধার হিসেবে কাজ করে যাচ্ছেন অনুষ্ঠান শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।



*প্রফেসর ডা. এ এস এম ফজলুল করিম ও দৈনিক আজাদী পত্রিকাকে লায়ন্স ক্লাব অব ইন্টারন্যাশনাল কর্তৃক স্বর্ণ পদক ২০১৭ প্রদান অনুষ্ঠানে অতিথিবৃন্দ।*

# President's Corner

## An Appreciation

CMOSH Medical College Teachers' Forum organized yet another very successful National Conference 2 years after the 1st one held on 17 & 18 December 2015. The conference was well organized, disciplined and flawless in all respects. There were huge participation from all over the country particularly from all the medical colleges of Chittagong and quite a number of senior professors from Dhaka.

The main attraction of the conference was presentation of the presenters' own work which I have always encouraged. I insist upon all the departments to continue research maintaining strict protocol and ethical standard. The theme of the conference was "Bridging the Gap Between Patient and Health Care Provider for A Healthy Nation". This is our ultimate goal. We want to improve service through better knowledge love and empathy for our patients because ours is a patient-friendly hospital with a promise to serve all humanities irrespective of their ability to pay.

Another thing that has come evident during the two conferences is development of leadership amongst our faculty members. It is often said that leaders are born not made but I am proud to say that the conference has made many a leader amongst us. This year by recognizing Prof M Jalal Uddin, we have recognized all such developing leaders in the profession.

**Prof. ASM Fazlul Karim**
President
Chattagram Maa-O-Shishu Hospital
Agrabad, Chittagong.


## Case History of a Cancer Patient

Md.Shafiul Alam, 56 years old, elderly patient, hailing from chandanaish chittagong, came to this hospital on June 2016 with H/O sub acute intestinal abstruction. After colonoscopy and biopsy patient was to have diagnosed signet ring adenocarcinoma of transverse colon (grade III, stage IIIA, PT3N1M0). He has co-morbidites like hypertension and underwent PCNL on 2014 for renal stone. Then patient was referrred to surgeon and underwent extended right hemi colectomy on 21.6.16. Then he was planned for adjuvant chemotherapy and received 8 cycles chemotherapy. After completion of treatment we did a FDG PET scan on which he was found completely alright. No metabolically active cancer cells in his body. Now he is in 6 monthly regular follow up and yearly CT scan and follow up. Now he is capable of doing his regular normal activities. Like this case, many survival patients are coming here for regular follow up their presence condition and taking necessary advise. To ensure the best treatment this department tries to upgrade the radiotherapy facilities with ultra-mordern Machineries. Therefore CMOSH plays a very vital role in the treatment purpose of the cancer patients and it will be one of the biggest oncology center of Bangladesh within a very short time.

**Dr. shefatuzzahan**
Assistant professor
Department of Oncology
CMOSHMC

## পিএইচপি ফ্যামিলির পক্ষ থেকে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের নতুন ভবনের নির্মাণ কাজের জন্য ১ কোটি টাকা অনুদানের চেক হস্তান্তর

পিএইচপি ফ্যামিলির চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান গত ০২/১১/২০১৭ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করেন। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের নতুন ভবন নির্মাণ কাজের জন্য তার প্রতিশ্রুত ৫ কোটি টাকা অনুদানের ২য় কিস্তির ১ কোটি টাকা হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এবং জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলামের নিকট হস্তান্তর করেন। এই উপলক্ষে তার সম্মানে হাসপাতালের লেকচার গ্যালারীতে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে পিএইচপি গ্রুপের চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান নতুন প্রজন্ম বিশেষ করে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ ও নার্সিং ইনষ্টিটিউটের ছাত্র/ছাত্রীদের উদ্দেশ্যে এক গুরুত্বপূর্ণ Motivational Speech প্রদান করেন। নতুন প্রজন্মের উদ্দেশ্যে তিনি বলেন, জীবনে বড় হতে হলে তোমাকে বড় স্বপ্ন দেখতে হবে এবং সেই স্বপ্ন বাস্তবায়নের জন্য কঠোর প্ররিশ্রম করতে হবে, মেহেনত করতে হবে, চেষ্টা চালিয়ে যেতে হবে। তাহলে সে স্বপ্ন বাস্তবায়িত হবে। তাহলে আল্লাহও তোমাদেরকে সাহায্য করবেন। তিনি আরো বলেন, জীবনে বড় হতে হলে কাজ করতে হবে, পরিশ্রম করতে হবে। যারা বড় হয়েছে তারা অবশ্যই কঠোর পরিশ্রম করেই বড় হয়েছে। কাজ ছাড়া জীবনে কেউ কোনদিন বড় হতে পারেনি। তিনি নতুন প্রজন্মকে বিনয়ী হওয়ার আহবান জানান। কারণ বিনয়, নম্রতা, ভদ্রতা উন্নতির প্রধান শর্ত। তিনি ছাত্র-ছাত্রীদের কঠোর অধ্যবসায়ের মাধ্যমে নিজের জীবনকে গড়ে তোলার আহবান জানান। তিনি বলেন, সেবার মধ্যে কল্যাণ নিহিত রয়েছে। মানবতার জন্য কাজ করতে হবে। মানুষকে ভালবাসতে হবে। যে সেবার মধ্যে ভালবাসা নাই, যে সেবার মধ্যে যত্ন নাই, সেই সেবার কোন মূল্য নাই। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম, জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম, ভাইস প্রেসিডেন্ট এস এম মোরশেদ হোসেন ও চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ জাহিদুল হাসান, এস এম কুতুব উদ্দিন, মোঃ হারুন ইউছুপ, মোঃ জাকির হোসেন তালুকদার, খায়েজ আহমেদ ভূঁইয়া, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক প্রমুখ। অনুষ্ঠানে হাসপাতাল ও মেডিকেল কলেজের শিক্ষক/শিক্ষিকা, ডাক্তার, নার্স, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্র-ছাত্রীগণ অংশ গ্রহণ করেন। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম প্রধান অতিথি আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমানকে তার এই গুরুত্বপূর্ণ Motivational Speech এর জন্য আন্তরিক ধন্যবাদ জানান। তিনি ছাত্র-ছাত্রীদের এই বক্তব্য থেকে শিক্ষনীয় বিষয় সমূহ নিজেদের জীবনে বাস্তবায়ন ও কাজে লাগানোর জন্য আহবান জানান। তিনি আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমানকে হাসপাতালের উন্নয়নে এগিয়ে আসার জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। ভবিষ্যতেও তার এই সহযোগিতা অব্যাহত থাকবে এই প্রত্যাশা করনে। এখানে উল্লেখ্য যে, পিএইচপি ফ্যামিলির পক্ষ থেকে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের নতুন ভবন নির্মাণ কাজের জন্য ৫ কোটি টাকা অনুদান প্রদানের প্রতিশ্রুতি প্রদান করা হয়। ইতিপূর্বে উক্ত অনুদানের ১ম কিস্তির ১ কোটি টাকা প্রদান করা হয়েছে এবং অদ্য ২য় কিস্তিতে ১ কোটি টাকা প্রদান করা হল।




*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কর্তৃপক্ষের নিকট ১ কোটি টাকার অনুদানের চেক হস্তান্তর করছেন পিএইচপি ফ্যামিলির চেয়ারম্যান আলহাজ্ব সুফি মোহাম্মদ মিজানুর রহমান।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল এবং চিটাগং রিসার্চ ইনষ্টিটিউট ফর চিলড্রেন সার্জারী এর মধ্যে শিক্ষা ও গবেষণার জন্য চুক্তি সম্পাদন

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল এবং চিটাগাং রিসার্চ ইনষ্টিটিউট ফর চিলড্রেন সার্জারী এর মধ্যে শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে যৌথ ভাবে কাজ করার জন্য গত ১১/১০/২০১৭ ইং তারিখ এক চুক্তি সম্পাদিত হয়। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের পক্ষে কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম এবং চিটাগং রিসার্চ ইনষ্টিটিউট ফর চিলড্রেন সার্জারী এর পক্ষে প্রতিষ্ঠানের পরিচালক বিশিষ্ট শিশু সার্জারী বিশেষজ্ঞ প্রফেসর ডাঃ তাহমিনা বানু নিজ নিজ পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। এই সময় হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, শিশু সার্জারী বিভাগের সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান ডাঃ মোজাম্মেল হক এবং চিটাগং রিসার্চ ইনষ্টিটিউট ফর চিলড্রেন সার্জারী এর কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত চুক্তির মাধ্যমে তারা হাসপাতালের আন্তঃ ও বহির্বিভাগে এবং রিমোট (প্রত্যন্ত) এলাকায় বিভিন্ন শিক্ষা ও গবেষণামূলক কাজ করবেন এবং বিভিন্ন সেমিনার সিম্পোজিয়ামের আয়োজন করবেন। এই হাসপাতালের সংগৃহিত বিভিন্ন ধরণের রোগীদের চিকিৎসা ও গরিব রোগীদের ফ্রি চিকিৎসা দেয়া হবে। উক্ত গবেষণা কাজের মাধ্যমে অন্যান্য বিভাগের পক্ষ থেকেও গবেষণা কাজে সংশ্লিষ্টরা উৎসাহিত হবেন মর্মে আশা প্রকাশ করা হয়। এছাড়া এই গবেষণা কর্মের মাধ্যমে বিভিন্ন তথ্য উপাত্ত দিয়ে সরকারকে স্বাস্থ্য খাতে লক্ষ্য মাত্রা অর্জনে সহায়তা করা হবে। সর্বোপরি জনস্বার্থে এটি গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে আশা করা যায়।




*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল এবং চিটাগং রিসার্চ ইনষ্টিটিউট ফর চিলড্রেন সার্জারী এর মধ্যে সম্পাদিত চুক্তি হস্তান্তর করছেন।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত




*হাসপাতালের প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম।*

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩৮ তম প্রতিষ্ঠা বার্ষিকী গত ৩১/১২/২০১৭ ইং তারিখ উদযাপন করা হয়। হাসপাতালের শিশু স্বাস্থ্য বিভাগের উদ্যোগে এই উপলক্ষে মিলাদ মাহফিল, আলোচনা সভা ও পিঠা উৎসবের আয়োজন করা হয়। এ উপলক্ষে হাসপাতালের শিশু স্বাস্থ্য বিভাগের উদ্যোগে ইনিস্টিটিউট অব চাইল্ড হেল্থ এর সেমিনার হলে শিশু স্বাস্থ্য বিভাগের অধ্যাপক ডাঃ মোঃ বদরুদ্দোজার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম। অনুষ্ঠানে বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, ভাইস প্রেসিডেন্ট এস এম মোরশেদ হোসেন ও ডাঃ এম মাহফুজুর রহমান, জয়েন্ট জেনারেল সেক্রেটারী ডাঃ মোঃ আরিফুল আমীন, চমাশিহা মেডিকেল কলেজের ভারপ্রাপ্ত প্রিন্সিপাল প্রফেসর ডাঃ অসীম কুমার বড়ুয়া, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, শিশু স্বাস্থ্য বিভাগের অধ্যাপক ও ইনষ্টিটিউট অব অটিজম এন্ড চাইল্ড ডেভেলপমেন্ট এর পরিচালক ডাঃ মাহমুদ আহমেদ চৌধুরী আরজু ও হাসপাতালের উপ-পরিচালক (নার্সিং) ডাঃ মোঃ লিয়াকত আলী ভূঁইয়া প্রমুখ। অনুষ্ঠানে হাসপাতালের প্রথম মেডিকেল অফিসার ডাঃ মোঃ লিয়াকত আলী ভূঁইয়া ও সাবেক আরএমও ডাঃ এম মাহমফুজুর রহমানকে তাদের অবদানের স্বীকৃতি স্বরূপ সম্মাননা প্রদান করা হয়। প্রধান অতিথি ডাঃ আঞ্জুমান আরা ইসলাম তার বক্তব্যে হাসপাতাল প্রতিষ্ঠার ইতিহাস এবং এই হাসপাতালের জন্য সকলের অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করেন। প্রতিষ্ঠা বার্ষিকীর এই দিনে তিনি হাসপাতালের প্রতিষ্ঠা লগ্ন থেকে যারা হাসপাতালের উন্নয়নে অবদান রেখেছেন তাদের প্রতি গভীর শ্রদ্ধা জানান। সকলের সম্মিলিত প্রচেষ্টায় চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল আজ দেশের অন্যতম একটি বৃহৎ হাসপাতাল হিসেবে সুনাম অর্জন করেছেন। তিনি বলেন প্রতি বছর হাসপাতালের প্রতিষ্ঠা বার্ষিকী মিলাদ মাহফিলের মাধ্যমে পালন করা হয়। এবারো শিশু স্বাস্থ্য বিভাগের উদ্যোগে প্রতিষ্ঠা বার্ষিকী পালনের উদ্যোগ নেয়া হয়েছে। এজন্য তিনি শিশু স্বাস্থ্য বিভাগের সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কাটার পরিবর্তে এবার দেশীয় ধারার পিঠা উৎসবের আয়োজন করা হয়েছে। চমৎকার একটি পিঠা উৎসব আয়োজনের জন্য তিনি আইসিইউ বিভাগের কনসালটেন ডাঃ ফারহানা মাহমুদ ও যারা অংশগ্রহণ করেছেন তাদের সকলকে ধন্যবাদ জানান। তিনি হাসপাতালের প্রতিষ্ঠা লগ্ন থেকে যারা কাজ করছেন এবং বর্তমানেও কর্মরত আছেন তাদেরকে পরিচয় করিয়ে দেন। তিনি হাসপাতালের এই অগ্রযাত্রায় সকলকে সামিল হওয়ার জন্য আহবান জানান এবং স্ব-স্ব অবস্থান থেকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। অনুষ্ঠানে শিশু স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে CMOSH ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউটের জন্য ৫০ হাজার টাকা অনুদান প্রদান করা হয়। দিন ব্যাপী অনুষ্ঠান মালার মধ্যে বাদ জোহর হাসপাতাল মসজিদে মিলাদ মাহফিল ও গরীব রোগীদের উন্নত খাবার সরবরাহ করা হয়। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য ডাঃ কামরুন নাহার দস্তগীর, মোঃ আহছান উল্যাহ, এস এম কুতুব উদ্দিন, মোঃ জাহিদুল হাসান, মোঃ হারুন ইউছুপ সহ হাসপাতাল, নার্সিং ইনষ্টিটিউট ও মেডিকেল কলেজের শিক্ষক/শিক্ষিকা, ডাক্তার, নার্স, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। সমগ্র অনুষ্ঠানটি উপস্থাপনা করেন শিশু স্বাস্থ্য বিভাগের আবাসিক চিকিৎসক ডাঃ ফাহিম হাসান রেজা।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে আন্তর্জাতিক প্রতিবন্ধি দিবস পালিত




আন্তর্জাতিক প্রতিবন্ধি দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখছেন বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের জেনারেল ম্যানেজার জনাব মনোজ সেনগুপ্ত।

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ইনষ্টিটিউট অব অটিজম এন্ড চাইল্ড ডেভেলপমেন্ট এর উদ্যোগে আন্তর্জাতিক প্রতিবন্ধি দিবস উপলক্ষে গত ০৫/১২/২০১৭ইং তারিখ কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম কেন্দ্রের জেনারেল ম্যানেজার জনাব মনোজ সেনগুপ্ত। অনুষ্ঠানে মুখ্য আলোচক হিসেবে বক্তব্য রাখেন হাসপাতালের ইনষ্টিটিউট অব অটিজম এন্ড চাইল্ড ডেভেলপমেন্ট এর পরিচালক প্রফেসর মাহমুদ আহমেদ চৌধুরী আরজু। তিনি বাংলাদেশে প্রতিবন্ধি চিকিৎসা বিষয়ে সার্বিক চিত্র মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে তুলে ধরেন। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম ও ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন। অনুষ্ঠানে প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, আমি এই হাসপাতালের সার্বিক কার্যক্রম দেখে খুবই অভিভূত। এটি একটি বিশাল প্রতিষ্ঠান। হাসপাতালের ইনষ্টিটিউট অব অটিজম এন্ড চাইল্ড ডেভেলপমেন্ট কেন্দ্রে প্রতিবন্ধি শিশুদের জন্য রয়েছে সকল আধুনিক চিকিৎসা সুবিধা। যা খুব কম প্রতিষ্ঠানেই রয়েছে। তিনি এই প্রতিষ্ঠানের কার্যক্রম যাতে টেলিভিশনের মাধ্যমে সর্বসাধারণের কাছে পৌছানো যায় এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার আশ্বাস প্রদান করেন। তিনি তাকে হাসপাতালে আমন্ত্রণ জানানোর জন্য হাসপাতাল কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম প্রধান অতিথিকে হাসপাতাল পরিদর্শনে আসার জন্য আন্তরিক ধন্যবাদ জানান। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ জাহিদুল হাসান, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নরুল হক, ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর পরিচালক প্রফেসর ডাঃ ওয়াজির আহমেদ প্রমুখ। অনুষ্ঠানে হাসপাতাল, মেডিকেল কলেজ ও নার্সিং ইনষ্টিটিউটের ডাক্তার, নার্স, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীগণ অংশ গ্রহণ করেন। সমগ্র অনুষ্ঠানটি উপস্থাপনা করেন হাসপাতালের শিশু স্বাস্থ্য বিভাগের আবাসিক চিকিৎসক ডাঃ ফাহিম হাসান রেজা।

# রূপালী ব্যাংক লিঃ এর পক্ষ থেকে CMOSH ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউটের জন্য ৫ লক্ষ টাকা অনুদান প্রদান




ক্যান্সার হাসপাতালের জন্য দৈনিক আজাদী সম্পাদক জনাব এম এ মালেক এবং হাসপাতাল কর্তৃপক্ষের নিকট অনুদানের চেক হস্তান্তর করছেন রূপালী ব্যাংক লিঃ এর চেয়ারম্যান জনাব মনজুর হোসেন ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

CMOSH ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউট এর জন্য রূপালী ব্যাংক লিঃ এর পক্ষ থেকে ৫ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়। গত ২২/১০/২০১৭ ইং তারিখ রূপালী ব্যাংক লিঃ এর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব মনজুর হোসেন ক্যান্সার হাসপাতাল বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান এবং দৈনিক আজাদী পত্রিকার সম্পাদক জনাব এম এ মালেক এর নিকট এই অনুদানের চেক হস্তান্তর করেন। এ উপলক্ষে হাসপাতালের কনফারেন্স রুমে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ব্যাংক চেয়ারম্যান জনাব মনজুর হোসেন বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল বেসরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত একটি ব্যতিক্রমধর্মী হাসপাতাল। এই হাসপাতালের বিশাল সেবা কার্যক্রম দেখে আমি সত্যিই অভিভূত। শূন্য থেকে শুরু হয়ে বর্তমানে এই হাসপাতাল বিশাল মহিরুহে পরিনত হয়েছে। কার্যনির্বাহী কমিটির কর্মকর্তাদের নিরলস প্রচেষ্টায় এটি সম্ভব হয়েছে। সাধারণ মানুষের কল্যাণে আপনারা কাজ করে যাচ্ছেন। এই প্রতিষ্ঠানে অধীনে বর্তমানে ৬৫০ শয্যার একটি পূর্ণাঙ্গ জেনারেল হাসপাতাল, একটি বেসরকারী মেডিকেল কলেজ, একটি নার্সিং ইনষ্টিটিউট ও নার্সিং কলেজ, একটি ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ ও একটি ইনষ্টিটিউট অব অটিজম এন্ড চাইল্ড ডেভেলপমেন্ট পরিচালিত হচ্ছে। চট্টগ্রাম মা ও শিশু হাপসাতালের সর্বশেষ সংযোজন ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউট। এই ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউটের মাধ্যমে অসহায় রোগীদের চিকিৎসা সহায়তা সম্ভব হবে। আমি আশা করি আপনাদের এই প্রকল্প যথাসময়ে বাস্তবায়িত হবে এবং চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল আরো অনেক দূর এগিয়ে যাবে। তিনি এই হাসপাতালের উত্তরোত্তর সফলতা কামনা করেন এবং রূপালী ব্যাংকের পক্ষ থেকে প্রতি বছর যাতে হাসপাতালের জন্য কিছু সহযোগিতা করা যায় এ ব্যাপারে ব্যবস্থা নেয়ার আশ্বাস প্রদান করেন। এছাড়া রূপালী ব্যাংকের পক্ষ থেকে হাসপাতালের জন্য একটি মেডিকেল এ্যাম্বুলেন্স প্রদানের আশ্বাস প্রদান করেন। অনুষ্ঠানে দৈনিক আজাদী সম্পাদক জনাব এম এ মালেক বলেন, রূপালী ব্যাংকের এই অনুদানের মাধ্যমে অন্যান্য ব্যাংক গুলিও ক্যান্সার হাসপাতাল বাস্তবায়নে এগিয়ে আসবে। তিনি সমাজের দানশীল ও বিত্তশালী ব্যক্তিবর্গকে উক্ত ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউট বাস্তবায়নে এগিয়ে আসার উদাত্ত আহবান জানান। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন রূপালী ব্যাংক লিঃ পরিচালনা পর্ষদের পরিচালক ও চট্টগ্রাম প্রেসক্লাবের সাবেক সভাপতি জনাব আবু সুফিয়ান, সম্মানিত পরিচালক ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম উদ্দিন, হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, জনাব এস এম মোরশেদ হোসেন, জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম, ক্যান্সার হাসপাতাল বাস্তবায়ন কমিটির সদস্য সচিব ও কার্যনির্বাহী কমিটির ট্রেজারার জনাব মোঃ রেজাউল করিম আজাদ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ব্যাংকের চট্টগ্রাম শাখার বিভাগীয় মহাব্যবস্থাপক জনাব মোহাম্মদ জাহাঙ্গীর, জোনাল ম্যানেজার জনাব মোঃ গোলাম মরতুজা ও জনাব শওকত ওসমান, হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমান, জয়েন্ট জেনারেল সেক্রেটারী ডাঃ মোঃ আরিফুল আমীন, সদস্য ডাঃ কামরুন নাহার দস্তগীর, মিসেস রেখা আলম চৌধুরী, জনাব মোঃ জাহিদুল হাসান, জনাব মোঃ হারুন ইউছুপ, জনাব এম জাকির হোসেন তালুকদার, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক প্রমুখ। এর আগে প্রধান অতিথি হাসপাতালের বিভিন্ন বিভাগের চিকিৎসা সেবা কার্যক্রম পরিদর্শন করেন।


## আমাদের বিশেষায়িত সেবাসমূহ

১। অটিজম ও শিশু বিকাশ কেন্দ্র (শারীরিক ও মানসিক প্রতিবন্ধি শিশুদের চিকিৎসা সেবা)
২। বয়স্কদের আইসিইউ (নিবিড় পরিচর্যা)
৩। সিসিইউ সার্ভিস (হৃদরোগ পরিচর্যা)
৪। হেমোডায়ালাইসিস ইউনিট (কিডনী রোগীদের ডায়ালাইসিস সেবা)/পেরিটোনিয়াল ডায়ালাইসিস(শিশু)
৫। পেডিয়্যাট্রিকস ও নিওনেটাল আইসিইউ
৬। এ্যাজমা সেন্টার (হাঁপানী রোগীদের চিকিৎসা)
৭। ডায়াবেটিক ও হাইপারটেনশন ক্লিনিক
৮। এইচডিইউ সার্ভিস (বয়স্ক ও শিশু)
৯। ল্যাপারোস্কোপিক সার্জারী (শিশু ও বয়স্কদের)
১০। ইউরোলজি (শিশু ও বয়স্কদের)
১১। প্লাষ্টিক সার্জারী সহ শিশু সার্জারী বিভাগের সকল জটিল অপারেশন
১২। পেরিটনিয়াল ডায়ালাইসিস
১৩। সাব-স্পেশালিটি ক্লিনিক (থ্যালাসেমিয়া, এ্যাজমা)
১৪। অনকোলজী এন্ড রেডিওথেরাপী (ক্যান্সার চিকিৎসা)
১৫। নিউরোমেডিসিন ১৬। হেমাটোলোজি
১৭। থেলাসেমিয়া রোগ সনাক্তকরণ ও সেবা প্রদান

## ২৪ ঘন্টা সেবাসমূহ

- ২৪ ঘন্টা বাড ট্রান্সফিউশন সার্ভিস
- ২৪ ঘন্টা ইমার্জেন্সি সার্ভিস।
- ২৪ ঘন্টা এ্যাম্বুলেন্স সার্ভিস (আইসিইউ এ্যাম্বুলেন্স সহ)।
- ২৪ ঘন্টা টেলিফোন সার্ভিস।
- ২৪ ঘন্টা ফার্মেসী সার্ভিস।
- থ্যালাসেমিয়া রোগীদের সার্বক্ষণিক রক্ত দেয়ার ব্যবস্থা।

### আধুনিক ডায়াগনষ্টিক সার্ভিস

১. সি.টি স্ক্যান , সি.টি এনজিওগ্রাম
২. কালার ডপলার
৩. ইকোকার্ডিওগ্রাফি
৪. আল্ট্রাসনোগ্রাফি
৫. আপার জিআই এন্ডোসকপি, কলনোস্কোপি, ইআরসিপি
৬. এক্সরে
৭. ই.সি.জি
৮. ইইজি
৯. ইটিটি
১০. ক্লিনিক্যাল প্যাথলজি
১১. বায়োকেমিষ্ট্রি
১২. মাইক্রোবায়োলজি
১৩. হিষ্টোপ্যাথলজি
১৪. সাইটোপ্যাথলজি
১৫. কলপোস্কোপি
১৬. হেয়ারিং অ্যাসেসমেন্ট

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের শিশু স্বাস্থ্য বিভাগের ইয়ার বুক লঞ্চিং প্রোগ্রাম অনুষ্ঠিত




*হাসপাতালের শিশু স্বাস্থ্য বিভাগের ইয়ার বুক লঞ্চিং প্রোগ্রামে প্রধান অতিথির বক্তব্য রাখছেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম।*

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের শিশু স্বাস্থ্য বিভাগের ইয়ার বুক লঞ্চিং প্রোগ্রাম গত ২৭/১১/২০১৭ ইং তারিখ ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর পরিচালক প্রফেসর ডাঃ ওয়াজির আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, জনাব এস এম মোরশেদ হোসেন, ডাঃ এম মাহফুজুর রহমান, কার্যনির্বাহী কমিটির সদস্য ইঞ্জিঃ এম আলী আশরাফ, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, শিশু স্বাস্থ্য বিভাগের অধ্যাপক প্রফেসর মাহমুদ আহমেদ চৌধুরী আরজু, ডাঃ মোঃ বদরুদ্দোজা, ডাঃ শাহেদ ইকবাল, ডাঃ দিপিকা দে প্রমুখ। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য অধ্যক্ষ লায়ন ডঃ মোহাম্মদ সানাউল্লাহ, জনাব এস এম কুতুব উদ্দিন, জনাব মোঃ জাহিদুল হাসান, জনাব মোঃ হারুন ইউছুপ, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া এবং ডাঃ মোঃ পারভেজ ইকবাল শরীফ। অনুষ্ঠানে হাসপাতাল ও মেডিকেল কলেজের বিভিন্ন বিভাগের শিক্ষক/শিক্ষিকা ও চিকিৎসকবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ডাঃ এ এস এম ফজলুল করিম বলেন, হাসপাতালের শিশু স্বাস্থ্য বিভাগের উদ্যোগে ইয়ার বুক প্রকাশনা একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ। এর মাধ্যমে শিশু স্বাস্থ্য বিভাগের ১ বছরের সার্বিক কার্যক্রমের পরিসংখ্যান পাওয়া যাবে। এ ধরনের প্রকাশনার মাধ্যমে গবেষণা কাজ অনেক সহায়ক হবে। তিনি অন্যান্য বিভাগ সমূহকেও এ ধরনের উদ্যোগ নেয়ার জন্য আহবান জানান। অনুষ্ঠানে ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ থেকে সদ্য ডিসিএইচ পাশ করা ডাক্তারদের সম্মাননা প্রদান এবং নতুন ভর্তিকৃত ডিসিএইচ স্টুডেন্টদের অভ্যর্থনা জানানো হয়। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন শিশু স্বাস্থ্য বিভাগের আবাসিক চিকিৎসক ডাঃ ফাহিম হাসান রেজা।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের অনকোলজি বিভাগের উদ্যোগে ব্রেষ্ট ক্যান্সার অ্যাওয়ারনেস প্রোগ্রাম অনুষ্ঠিত

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের অনকোলজি বিভাগের উদ্যোগে ব্রেষ্ট ক্যান্সার অ্যাওয়ারনেস এর উপর অদ্য ২২/১১/২০১৭ ইং তারিখ চট্টগ্রাম লেডিস ক্লাবে এক অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম লেডিস ক্লাবের সভাপতি মিসেস জিনাত আজমের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম। সভাতে ব্রেষ্ট ক্যান্সারের কারণ ও প্রতিকার বিষয়ে মুখ্য আলোচক হিসেবে বক্তব্য রাখেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের অনকোলজি বিভাগের সহকারী অধ্যাপক ও বিভাগীয় প্রধান ডাঃ শেফাতুজ্জাহান। তিনি ব্রেষ্ট ক্যান্সারের কারণ ও প্রতিকার এর উপর মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে তার গুরুত্বপূর্ণ বক্তব্য উপস্থাপন করেন। তিনি ব্রেষ্ট ক্যান্সারের ভয়াবহতার চিত্র সভাতে তুলে ধরেন। সভাতে এ ব্যাপারে ব্যাপক গণসচেতনতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করা হয়। প্রধান অতিথি ডাঃ আঞ্জুমান আরা ইসলাম বলেন, চট্টগ্রামে ক্যান্সার রোগীদের চিকিৎসার পূর্ণাঙ্গ কোন ব্যবস্থা নেই। ক্যান্সার রোগীদের রেডিওথেরাপির জন্য চট্টগ্রামের বাইরে যেতে হচ্ছে। তিনি বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে একটি পূর্ণাঙ্গ ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউট চালু করার উদ্যোগ নেয়া হয়েছে। ইতিমধ্যে হাসপাতালে অনকোলজি বিভাগ চালু করা হয়েছে। তিনি ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউটের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। সভাতে লেডিস ক্লাবের পক্ষ থেকে ডাঃ আঞ্জুমান আরার আহবানে সাড়া দিয়ে লেডিস ক্লাবের সদস্যগণ ৫ লক্ষ ৩০ হাজার টাকা তাৎক্ষনিক প্রদানের কথা বলেন এবং আরো সাহায্য দেবেন বলে আশ্বস্ত করেন। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ট্রেজারার মোঃ রেজাউল করিম আজাদ, লেডিস ক্লাবের সেক্রেটারী মিসেস খালেদা আওয়াল, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক প্রমুখ। অনুষ্ঠানে লেডিস ক্লাবের সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সমগ্র অনুষ্ঠানটি উপস্থাপনা করেন লেডিস কাবের সদস্য মিসেস সাফকাত জাহান।




*ব্রেষ্ট ক্যান্সার অ্যাওয়ানেস প্রোগ্রামে প্রধান অতিথির বক্তব্য রাখছেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম।*

## CHATTAGRAM MAA-SHISHU O GENERAL HOSPITAL

Agrabad, Chittagong.

Hospital Activities for the Month **October-December 2017**

| | Oct '17 | Nov'17 | Dec'17 |
|---|---|---|---|
| Out Patient Dept : | | | |
| Paediatrics | 7250 | 5670 | 4812 |
| Adult Patient (Medicine) | 2804 | 2577 | 2108 |
| Consultancy Service (Paediatric) | 749 | 701 | 586 |
| Consultancy Service (Adult) | 920 | 900 | 811 |
| Obs. & Gynae | 2726 | 2458 | 2378 |
| Surgical (Paediatric) | 1046 | 904 | 930 |
| Surgical (General) | 1217 | 994 | 897 |
| Mini O.T. | 1499 | 1485 | 1311 |
| E.N.T. | 1181 | 1131 | 1027 |
| Orthopaedics | 1450 | 1350 | 1403 |
| Skin Diseases | 1184 | 1305 | 989 |
| Eye | 800 | 676 | 614 |
| Dental Cases | 485 | 419 | 361 |
| ORT | 50 | 45 | 42 |
| Psychology | 153 | 166 | 107 |
| Neurology | 500 | 426 | 378 |
| Asthma Clinic | 44 | 09 | 22 |
| Family Planning | 85 | 60 | 75 |
| Psychiatry | 224 | 192 | 177 |
| Dots Corner | 250 | 235 | 969 |
| Speech Therapy | 297 | 305 | 246 |
| Physiotherapy | 690 | 521 | 467 |
| L.M.C. | 72 | 62 | 50 |
| Referrd Cases | 342 | 267 | 271 |
| E.P.I. | 1451 | 1397 | 1351 |
| Gastroenterology Uint | 86 | 70 | 72 |
| EEG | 70 | 75 | 70 |
| RNDA | 186 | 145 | 141 |
| GDA | 251 | 225 | 200 |
| Low Vision | 199 | 161 | 149 |
| Occupational Therapy (OT) | 201 | 163 | 130 |
| Sitting Fitting | 39 | 62 | 51 |
| ETT | 03 | 01 | 03 |
| Paediatric Nephrology | 32 | 23 | 18 |
| Adult Nepgrology | 36 | 41 | 17 |
| Nuro Medicine | 163 | 123 | 104 |
| Oncology | 68 | 127 | 115 |
| Chemotherapy | 73 | 108 | 91 |
| Physical Medicine | 190 | 157 | 106 |
| **In Patint Departmnt:** | | | |
| Paediatric (Admission) | 4476 | 4269 | 4158 |
| Maternity (Admission) | 696 | 695 | 705 |
| Neonatal (Admission) | 306 | 253 | 235 |
| Adult Medicine (Admission) | 805 | 805 | 703 |
| Adult Medicine (Operation) | 07 | 09 | 01 |
| Paediatric Surgery (Admission) | 155 | 149 | 171 |
| Paediatric Surgery (Operation) | 111 | 114 | 131 |
| Operation Obs. & Gynae | 305 | 323 | 286 |
| General Surgery (Admission) | 188 | 166 | 182 |
| General Surgery (Operation) | 31 | 33 | 28 |
| Orthopadic Surgery (Admission) | 94 | 80 | 82 |
| Orthopadic Surgery (Operation) | 50 | 51 | 25 |
| E.N.T. (Admission) | 29 | 26 | 17 |
| E.N.T. (Operation) | 06 | 09 | 08 |
| Eye (Admission) | 03 | 01 | 05 |
| Eye (Operation) | 04 | 05 | 04 |
| Thalassamia (Admission) | 49 | 58 | 49 |
| Cabin | 478 | 450 | 435 |
| Pathology | 9231 | 8637 | 8091 |
| Radiology | 3865 | 3306 | 2898 |
| Ultrasonography | 1266 | 1191 | 1171 |
| CT Scan | 103 | 114 | 111 |
| E.C.G. | 290 | 297 | 268 |
| Kindney Dialysis | 266 | 259 | 248 |
| Echocardiongram | 222 | 271 | 201 |
| Adult ICU (Admission) | 31 | 37 | 32 |
| Adult HDU (Admission) | 37 | 35 | 50 |
| Paediatric ICU (Admission) | 65 | 71 | 88 |
| Paediatric CCU (Admission) | 06 | 21 | 30 |
| Paediatric HDU (Admission) | 37 | 35 | 50 |
| Urology (Admission) | 51 | 36 | 41 |
| Urology (Operation) | 15 | 29 | 18 |
| Emergency | 2128 | 2095 | 2151 |
| Total Death | 54 | 55 | 58 |

## DONORS OF -October, November & December-2017.

| | October | November | December |
|---|---|---|---|
| **Materials:-** | | | |
| Mr. Habib Anwar (Joy) (Nebulizer Machine) | 9,200 | - | - |
| Dr.Md. Aminul Islam (O.T Consumables) | 4,305 | - | 1,215 |
| Dr.Md. Mohsin (O.T Consumables) | 120,960 | - | - |
| Medical Link Processing Center (O.T Consumables) | 10,000 | - | - |
| Md. Muntasirul Haque (O.T Consumables) | - | 689 | - |
| Directorate General of Family Planning (O.T Consumables) | - | - | 25,000 |
| **Total:** | **144,465** | **689** | **26,215** |
| **Medicine :-** | | | |
| Mrs. Farhana Ahmed | 992 | - | - |
| Dr. Shahed Iqbql | 520 | - | - |
| Inner Wheel Club Of Agrabad | - | 5,060 | - |
| Dr. Tahera Begum | - | 4,386 | 1,655 |
| Md. Anwar Hossain | - | 9,750 | - |
| Md. Muntasirul Haque | - | 787 | - |
| Dr. Md. Taslim Uddin | - | 95 | - |
| Dr.Md. Salim Reza | - | - | 2,100 |
| Zannatul Ferdous | - | - | 9,000 |
| Aristopharma Ltd. | - | - | 2,805 |
| **Total:** | **1,512** | **20,078** | **15,560** |
| **Cash:** | | | |
| Prof.Dr.Md. Rezaul Hoque Khan | - | 1,000,000 | - |
| Mrs. Rubaba Matin | 16,000 | - | - |
| **Total:** | **16,000** | **1,000,000** | **-** |
| **Donation of The Month:** | **161,977** | **1,020,767** | **41,775** |
| **Engr.L.K.Siddique Memorial.P. P. B. Fund:** | | | |
| Chattagram Maa,Shishu-O-General Hospital. | 334,695 | 395,944 | 373,692 |
| Chattagram Maa O Shishu Hospital Medical College | 103,712 | - | - |
| Received From M.R Card. | 34,500 | 31,500 | 21,000 |
| All Employee of CMOSH (For Khichury Fund). | 25,485 | 25,775 | - |
| Mrs. Sufia Khatun | 190 | - | - |
| Md. Belal Chy. | 50 | - | - |
| Saiful Islam | - | 160 | - |
| Avigyan Chy. | - | 1,000 | - |
| Md. Tanfijul Islam (Bio Pharma) | - | 500 | 1,000 |
| Delowar Hossen | - | - | 75 |
| Moryam Binte Raihan | - | - | 50,000 |
| **Total:** | **498,632** | **454,879** | **445,767** |
| **Zakat:** | **34,000** | **15,000** | **400,000** |

*Chattagram Maa-O-Shishu Hospital Bulletin* ● **Ocober-December 2017**

**BOOK POST / PRINTED MATTERS**

To,

Postage

If undelivered please return to:
**Chattagram Maa-O-Shishu Hospital**
Agrabad, Chittagong, Bangladesh.
Phone : 880-31-718521 / 718525/711236/2520063, Fax : 880-31-2525409
E-mail : cmoshctg@gmail.com **Web side : www.cmoshbd.org**

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে চিকিৎসা সেবা ও চিকিৎসা শিক্ষায় ৭ম প্রজন্ম একসাথে কাজ করছেন



**প্রফেসর এ এস এম ফজলুল করিম**
প্রেসিডেন্ট, কার্যনির্বাহী কমিটি, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল।
তিনি ১৯৭৩ সালে চট্টগ্রাম মেডিকেল কলেজে সার্জারী বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব পালনকালীন সময়ে ডাঃ আঞ্জুমান আরা ইসলামকে ছাত্রী হিসেবে পড়ান।



**ডাঃ আঞ্জুমান আরা ইসলাম**
জেনারেল সেক্রেটারী, কার্যনির্বাহী কমিটি, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল।
তিনি ১৯৭৬ সালে চট্টগ্রাম মেডিকেল কলেজে বায়োকেমিষ্ট্রি বিভাগে লেকচারার হিসেবে দায়িত্ব পালনকালীন সময়ে প্রফেসর ডাঃ এ এস এম মোস্তাক আহমেদকে ছাত্র হিসেবে পড়ান।



**প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ**
প্রিন্সিপাল, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ।
তিনি ১৯৮৩ সালে চট্টগ্রাম মেডিকেল কলেজে প্যাথলজি বিভাগের লেকচারার হিসেবে দায়িত্ব পালনকালীন সময়ে প্রফেসর ডাঃ অসীম কুমার বড়ুয়াকে ছাত্র হিসেবে পড়ান।



**প্রফেসর ডাঃ অসীম কুমার বড়ুয়া**
ভাইস প্রিন্সিপাল, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ।
তিনি ১৯৯৩ সালে ইউএসটিসিতে ফরেনসিক মেডিসিন বিভাগে লেকচারার হিসেবে দায়িত্ব পালনকালীন সময়ে প্রফেসর ডাঃ রোজিনা হককে ছাত্রী হিসেবে পড়ান।



**প্রফেসর ডাঃ রোজিনা হক**
বিভাগীয় প্রধান, ফার্মাকোলজি বিভাগ, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ।
তিনি ২০১০ সালে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজে ফার্মাকোলজি বিভাগের সহযোগী অধ্যাপক হিসেবে দায়িত্ব পালনকালীন সময়ে ডাঃ চিন্ময় বৈদ্যকে ছাত্র হিসেবে পড়ান।



**ডাঃ চিন্ময় বৈদ্য**
চট্টগ্রাম মা-ও-শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষের ছাত্র, বর্তমানে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজে কমিউনিটি মেডিসিন বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে দায়িত্ব পালন করছেন। ২০১৪ সালে তিনি লেকচারার হিসেবে দায়িত্ব পালনকালীন সময়ে ডাঃ সাবরিয়া শফি বেগকে ছাত্রী হিসেবে পড়ান।



**ডাঃ সাবরিয়া শফি বেগ**
ইন্টার্নী চিকিৎসক
ডাঃ সাবরিয়া শফি বেগ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ২০১০-২০১১ ব্যাচের ছাত্রী। ২০১৭ সালে অত্র মেডিকেল কলেজ থেকে এমবিবিএস পাশ করেন। বর্তমানে এই হাসপাতালে ইন্টার্নী চিকিৎসক হিসেবে কর্মরত আছেন।

**EDITORIAL BOARD :**

• Chairman Editorial Board : **Dr. Anjuman Ara Islam**
• Chief Editor : **S. M. Morshed Hossain** • Editor : **Md. Rezaul Karim Azad**
• Printed by : **Pack & Robi Printers.** Mobile : 01718 371001